

**সচিব**
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়।
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

স্বাধীনতার পর থেকে দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদার বিপরীতে আমাদের বিদ্যুতের উৎপাদন সে হারে বৃদ্ধি পায়নি। সেজন্য জীবনমান ও অর্থনীতির জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ খাতটি সম্পর্কে মানুষ বিরূপ ধারণা পোষণ করতো। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর মাননীয় প্রধানমন্ত্রীর সঠিক দিকনির্দেশনায় বিদ্যুৎ খাতে মহাপরিকল্পনা গ্রহণ করা হয় এবং সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার খাত হিসাবে বিবেচনায় এনে এ খাতে সর্বমুখী পদক্ষেপ নেয়া হয়।

ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি) কর্তৃক বাস্তবায়িত হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট-এর শুভ উদ্বোধন এবং সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন হতে যাচ্ছে যার জন্য আমরা সকলেই আনন্দিত। ইজিসিবি এর কর্মকর্তা-কর্মচারী এবং উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান জাইকা'র আন্তরিক প্রচেষ্টায় হরিপুর ৪১২ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্র স্বল্প সময়ে উৎপাদনে এসেছে। এজন্য সংশিষ্ট সকলকে জানাই শুভেচ্ছা ও অভিনন্দন। একইসাথে আশা করছি নির্ধারিত সময়ের মধ্যে বিশ্ব ব্যাংকের অর্থায়নে নির্মিতব্য সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের কাজও শেষ হবে।

বিদ্যুৎ সরবরাহ পরিস্থিতি এখন আগের চেয়ে অনেক ভাল। বর্তমান সরকারের গৃহীত অন্যান্য প্রকল্পগুলো বাস্তবায়ন হলে দেশের বিদ্যুৎ সমস্যা অনেকাংশে দূর হয়ে যাবে এবং একই সাথে দেশের অর্থনীতির চাকা আরো গতিপ্রাপ্ত হবে বলে আমার বিশ্বাস।

বর্তমানে বিদ্যুৎ উৎপাদনে বিশ্বে উন্নত প্রযুক্তি ব্যবহার হচ্ছে। এক্ষেত্রে এ দু'টি প্রকল্পে উচ্চ দক্ষতাসম্পন্ন মেশিন ব্যবহার করার ফলে একই পরিমাণ গ্যাস ব্যবহার করে বেশী বিদ্যুৎ পাওয়া সম্ভব হবে। তাতে জ্বালানি সাশ্রয় হবে এবং গ্রাহক পর্যায়ে বিদ্যুতের মূল্য কমে আসবে।

বিদ্যুৎ খাতের এ অগ্রযাত্রাকে এগিয়ে নেয়ার লক্ষ্যে আন্তরিকতার সাথে কাজ করার জন্য আমি সংশিষ্ট সকলকে অনুরোধ জানাচ্ছি।

**মোঃ আবুল কালাম আজাদ**



**সচিব**
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

সরকারের ভিশন অনুযায়ী ২০২১ সালের মধ্যে বাংলাদেশের সকলের জন্য সুলভ মূল্যে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করা এবং বিদ্যুৎ খাতে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ এবং এর অধীনস্থ সকল দপ্তর/সংস্থা/কোম্পানীসমূহ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বহু প্রতিকূলতা ও সীমাবদ্ধতা থাকা সত্ত্বেও বর্তমান সরকার নানামুখী কার্যকর পদক্ষেপ গ্রহণ করার ফলে নতুন নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের মাধ্যমে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে এগিয়ে চলেছে।

আজ ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ (ইজিসিবি) কর্তৃক বাস্তবায়িত হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট-এর শুভ উদ্বোধন এবং সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন হতে যাচ্ছে যা বর্তমান সরকারের বিদ্যুৎ খাতের উন্নয়নের অগ্রযাত্রায় এক বিশাল মাইলফলক। এ উপলক্ষে সকলের প্রতি আমার শুভেচ্ছা।

Japan International Cooperation Agency (JICA) এর আর্থিক সহায়তায় হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে ০৯ ফেব্রুয়ারি, ২০১১ তারিখে ইজিসিবি লিঃ এবং মারুবেনী কর্পোরেশন, জাপান এর সাথে একটি চুক্তি স্বাক্ষরিত হয়। এই বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিদ্যুৎ জাতীয় গ্রীডে প্রায় ৪১২ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে। ইজিসিবি লিঃ এর আওতায় ইতোমধ্যে সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ গ্যাস টারবাইন বিদ্যুৎ কেন্দ্র জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করছে এবং বিশ্ব ব্যাংকের সহায়তায় ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রকল্প তিনটি হতে জাতীয় গ্রীডে প্রায় ৯৪৭ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ হবে এবং উৎপাদিত বিদ্যুৎ আবাসিক, কৃষি, বাণিজ্য ও শিল্প খাতে ব্যবহারের মাধ্যমে দেশের সার্বিক অর্থনৈতিক সমৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখবে।

বিগত সাড়ে চার বছরে সরকারি খাতে ২০৯৯ মেঃওঃ ও বেসরকারি খাতে ২১৮৩ মেঃওঃ মোট ৪২৮২ মেঃওঃ ক্ষমতার ৫৬ টি বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করা হয়েছে। তন্মধ্যে ২২৮৫ মেঃওঃ গ্যাসভিত্তিক এবং ১৯৯৭ মেঃওঃ তরল জ্বালানিভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র। সরকারি ও বেসরকারি খাতে ৬৫৬৯ মেঃওঃ ক্ষমতার ৩৩ টি বিদ্যুৎ কেন্দ্র নির্মাণাধীন রয়েছে এবং ৩৯৭৪ মেঃওঃ ক্ষমতার ১৯ টি বিদ্যুৎ কেন্দ্র স্থাপন প্রকল্প টেন্ডার প্রক্রিয়াধীন আছে। ২০১৭ সালের মধ্যে সর্বমোট ১৬,০০০ মেঃওঃ ক্ষমতার বিদ্যুৎ উৎপাদনের পরিকল্পনা নিয়ে বিদ্যুৎ বিভাগ কাজ করছে। বিদ্যুৎ কেন্দ্র নির্মাণে শুধু গ্যাসের উপর নির্ভর না করে বিদ্যুৎ বিভাগ বিকল্প জ্বালানি হিসেবে কয়লা, বায়ু ও সোলারভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের কার্যক্রম গ্রহণ করেছে।

বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের পাশাপাশি বর্তমান সরকার বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ ব্যবস্থায় ব্যাপক উন্নয়ন কার্যক্রম গ্রহণ করেছে। তাছাড়া, বিদ্যুৎ খাতে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের কাজের দক্ষতা বৃদ্ধির উদ্যোগও নেয়া হয়েছে। এ সকল সমন্বিত প্রচেষ্টায় দেশের বিদ্যুৎ খাত আগামীতে এ দেশের আর্থসামাজিক ও শিল্প উন্নয়নে ব্যাপক ভূমিকা পালনে সক্ষম হবে বলে আমার বিশ্বাস।

দেশে বিরাজমান বিদ্যুৎ ঘাটতি নিরসনের লক্ষ্যে বর্তমান সরকারের বিভিন্ন কার্যকরী পদক্ষেপের অংশ হিসাবে হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র এর শুভ উদ্বোধন এবং সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে ইজিসিবি লিঃ-এ কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীসহ সংশিষ্ট সকল প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদেরকে আমার আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি।

ইজিসিবি লিঃ এর সকল প্রকল্পসমূহের নির্মাণ কাজ যথাসময়ে সম্পন্ন করার জন্য এর সাথে সংশিষ্ট সকলকে সক্রিয় ভূমিকা পালন করার জন্য উদাত্ত আহবান জানাচ্ছি।

**মনোয়ার ইসলাম, এনডিসি**



**চেয়ারম্যান**
ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী
অব বাংলাদেশ লিমিটেড

## বাণী

ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (ইজিসিবি লিঃ) ১৬ ফেব্রুয়ারি ২০০৪ তারিখে কার্যক্রম শুরু করে। এ কোম্পানী কর্তৃক বাস্তবায়িত হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট-এর শুভ উদ্বোধন এবং সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন হচ্ছে যা ইজিসিবি লিঃ-এর নিবিড় এবং ঐকান্তিক প্রচেষ্টার ফসল। এজন্য সকলের প্রতি রইলো আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

ইজিসিবি লিঃ ইতোমধ্যে সিদ্ধিরগঞ্জ ২×১২০ মেঃওঃ গ্যাস টারবাইন বিদ্যুৎ কেন্দ্র থেকে জাতীয় গ্রীডে বিদ্যুৎ সরবরাহ করছে। এছাড়া আলোচ্য প্রকল্প দুটি বাস্তবায়িত হলে জাতীয় গ্রীডে প্রায় ৯৪৭ মেঃওঃ বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে এবং উৎপাদিত বিদ্যুৎ আবাসিক, কৃষি ও শিল্প কলকারখানায় ব্যবহারের মাধ্যমে দেশের সার্বিক সমৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখবে।

বর্ণিত প্রকল্পসমূহে বিশ্বের সর্বশেষ প্রযুক্তির উচ্চ দক্ষতার প্ল্যান্ট/ইকুইপমেন্ট ব্যবহার করা হয়েছে এবং হচ্ছে। ফলে কম জ্বালানি খরচ করে বেশী বিদ্যুৎ উৎপাদন করা সম্ভবপর হবে যা দেশের বিদ্যুতের গড় উৎপাদন মূল্য কমিয়ে আনবে এবং গ্রাহক পর্যায়ে স্বল্পমূল্যে বিদ্যুৎ সরবরাহে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। প্রয়োজনীয় গ্যাস সরবরাহ পাওয়া গেলে এবং সংশ্লিষ্ট সকলের অব্যাহত সহযোগিতা থাকলে ইজিসিবি লিঃ দেশের ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা মেটাতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম বলে আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি।

দেশে বিরাজমান বিদ্যুৎ ঘাটতি নিরসনের লক্ষ্যে বর্তমান সরকারের বিভিন্ন কার্যকরী পদক্ষেপের অংশ হিসেবে হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের শুভ উদ্বোধন এবং সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্থর স্থাপন উপলক্ষে ইজিসিবি লিঃ-এর সকল কর্মকর্তা/কর্মচারীকে ধন্যবাদ জানাচ্ছি।

আজকের এই শুভদিনে হরিপুর কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র-এর উদ্বোধন এবং সিদ্ধিরগঞ্জ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের ভিত্তিপ্রস্থর স্থাপনে সদয় সম্মতি জ্ঞাপন করায় মাননীয় প্রধানমন্ত্রীর প্রতি গভীর কৃতজ্ঞতা প্রকাশ করছি।

**ফয়েজ আহমদ**

# ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড

মোঃ মোস্তফা কামাল
ব্যবস্থাপনা পরিচালক

## পরিচিতি

বাংলাদেশ সরকারের বিদ্যুৎ সেক্টর রিফর্ম এর অংশ হিসেবে ২৩ নভেম্বর ১৯৯৬ তারিখে মেঘনাঘাট পাওয়ার কোম্পানী লিমিটেড গঠন করা হয়। গত ১৬ ফেব্রুয়ারি ২০০৪ তারিখ মেঘনাঘাট পাওয়ার কোম্পানী লিঃ এর নাম পরিবর্তন করে "ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড" (ইজিসিবি লিঃ) করা হয়।

দেশে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদার প্রেক্ষিতে ইজিসিবি লিঃ কর্তৃক বেশ কয়েকটি পাওয়ার প্ল্যান্ট নির্মাণ প্রকল্পের কাজ হাতে নেয়া হয়। ভবিষ্যতেও দেশে বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে ইজিসিবি লিঃ অগ্রণী ভূমিকা পালন করবে।

## Vision

"Generation of Quality Electricity for the Betterment of the Nation"

## Mission

"To excel in electricity business by generating efficient, reliable and cost effective electricity in an environmentally responsible manner to satisfy our customers"

এডিবি'র অর্থায়নে ইজিসিবি লিঃ কর্তৃক ১ টি পাওয়ার প্ল্যান্ট ইতোমধ্যে চালু করা হয়েছে। জাইকা (JICA) ও জিওবি'র সহায়তায় হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ প্রকল্প এবং বিশ্ব ব্যাংক, জিওবি ও ইজিসিবি লিঃ এর নিজস্ব অর্থায়নে সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ প্রকল্প বাস্তবায়নের কাজ এগিয়ে চলছে।

## চালু বিদ্যুৎ কেন্দ্র

সিদ্ধিরগঞ্জ ২x১২০ মেঃওঃ পিকিং পাওয়ার প্ল্যান্ট নির্মাণ শেষে ১ম ইউনিটটি ২০ নভেম্বর ২০০৯ হতে এবং ২য় ইউনিটটি ২৬ মে ২০১০ তারিখ হতে চালু আছে। পাওয়ার প্ল্যান্টটি ১৪ ফেব্রুয়ারী ২০১০ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।



## বাস্তবায়নাধীন প্রকল্প

### হরিপুর ৪১২ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ প্রকল্প

রাজধানী ঢাকা ও নারায়ণগঞ্জ শিল্প এলাকাসহ দেশের সার্বিক বিদ্যুৎ উৎপাদন ঘাটতি পূরণের জন্য এ প্রকল্পটি হাতে নেয়া হয়েছে।




*মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০ মার্চ ২০১১ তারিখ হরিপুর পাওয়ার প্ল্যান্টটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেন*

## প্রকল্পের উল্লেখযোগ্য উদ্দেশ্য

বিদ্যুৎ ব্যবস্থার গুণগত মানোন্নয়ন, দেশের সার্বিক বিদ্যুৎ চাহিদা পূরণ, লো-ভোল্টেজ সমস্যা দূরীকরণ, কারিগরী লস কমানো, অধিক সংখ্যক লোককে বিদ্যুৎ ব্যবস্থার আওতায় আনা এবং দেশের অবকাঠামো উন্নয়ন ও অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়ন।



*নবনির্মিত হরিপুর ৪১২ মেঃওঃ পাওয়ার প্ল্যান্ট কম্বাইন্ড সাইকেল*

## প্রকল্প পরিচিতি

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | ঃ | কনস্ট্রাকশন অব হরিপুর ৪১২ (৩৬০) মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট এ্যান্ড এসোসিয়েটেড সাব-স্টেশন |
| বাস্তবায়নকারী মন্ত্রণালয় | ঃ | বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | ঃ | ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ |
| অর্থায়নে | ঃ | Japan International Cooperation Agency (JICA) & GOB |
| ইঞ্জিনিয়ারিং কনসালটেন্ট | ঃ | Haripur Joint Venture : AECOM (NZ) Ltd., Sargent & Lundy, USA SNC Lavalin, Canada, SMEC, Australia & ACE Consultant, Bangladesh |
| টার্ন-কি ঠিকাদার | ঃ | Marubeni Corporation, Japan |
| চুক্তি স্বাক্ষরের তারিখ | ঃ | ০৯ ফেব্রুয়ারি ২০১১ |
| ভিত্তিপ্রস্তর স্থাপন | ঃ | ২০ মার্চ ২০১১ |
| বাস্তবায়ন সময় | ঃ | ২৯ মাস |
| টার্ন-কি চুক্তি মূল্য | ঃ | প্রায় ৩৭৬ মিলিয়ন মার্কিন ডলার (প্রায় ২৬৬১ কোটি টাকা) |
| ইউনিট সংখ্যা | ঃ | ১টি গ্যাস টারবাইন, ১টি স্টীম টারবাইন এবং ১টি এইচআরএসজি |
| মোট উৎপাদন ক্ষমতা | ঃ | ৪১২ মেগাওয়াট (নীট) ঃ জিটি ২৭২ মেগাওয়াট, এসটি ১৪০ মেগাওয়াট |
| প্রধান যন্ত্রাংশ উৎপাদনকারী | ঃ | GT: MHI, Japan, ST: Fuji, Japan, HRSG: Dosan, Korea, GBC: MDT,Germany |
| জ্বালানি | ঃ | প্রাকৃতিক গ্যাস |
| Initial Firing and Synchronization | ঃ | ২৮ মার্চ ২০১৩ এবং ০৪ এপ্রিল ২০১৩ |
| বাণিজ্যিক উৎপাদন | ঃ | ২০ সেপ্টেম্বর ২০১৩ (প্রত্যাশিত) |
| কেন্দ্রের থারমাল দক্ষতা | ঃ | ৫৬% (প্রায়) |
| জমির পরিমাণ | ঃ | ৮.৫৭৩ একর |
| বিদ্যুৎ উৎপাদন প্রকল্পটি পাবলিক সেক্টরে এ যাবত নির্মিত সর্বোচ্চ ক্ষমতার পরিবেশ বান্ধব একক প্রকল্প। | | |


### সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ প্রকল্প

রাজধানী ঢাকা ও নারায়ণগঞ্জ শিল্প এলাকাসহ দেশের সার্বিক বিদ্যুৎ উৎপাদন ঘাটতি পূরণের জন্য এ প্রকল্পটি হাতে নেয়া হয়েছে। এ প্রকল্পের উল্লেখযোগ্য উদ্দেশ্যসমূহ নিম্নরূপঃ

বিদ্যুৎ ব্যবস্থার গুণগত মানোন্নয়ন, দেশের সার্বিক বিদ্যুৎ চাহিদা পূরণ, লো-ভোল্টেজ সমস্যা দূরীকরণ এবং কারিগরী লস কমানো, অধিক সংখ্যক লোককে বিদ্যুৎ ব্যবস্থার আওতায় আনা, দেশের অবকাঠামো উন্নয়ন ও অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়ন এবং মানব সম্পদ উন্নয়ন।

## প্রকল্প পরিচিতি

| | | |
|---|---|---|
| প্রকল্পের নাম | ঃ | সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট নির্মাণ প্রকল্প |
| বাস্তবায়নকারী মন্ত্রণালয় | ঃ | বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় |
| বাস্তবায়নকারী সংস্থা | ঃ | ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানী অব বাংলাদেশ লিঃ |
| অর্থায়নে | ঃ | বিশ্ব ব্যাংক, জিওবি ও ইজিসিবি লিঃ |
| মোট উৎপাদন ক্ষমতা | ঃ | ৩৩৫ মেঃওঃ (নীট guaranteed) : জিটি ২১৭ মেঃওঃ, এসটি ১১৮ মেঃওঃ |
| প্রধান যন্ত্রাংশ উৎপাদনকারী | ঃ | GT: GE, USA, ST: GE, USA, HRSG: CMI, Belgium |
| জুলাই'১৩ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অগ্রগতি (ইপিসি চুক্তির) | ঃ | ভৌত : ২৬% (ইপিসি) আর্থিক : ১০.৬১ % (ইপিসি) |
| ইঞ্জিনিয়ারিং কনসালটেন্ট | ঃ | K&M Engineering (Individual consultant হিসাবে কাজ করছে, প্রকল্পের কনসালটেন্ট নিয়োগের প্রক্রিয়া চলছে) |
| ঠিকাদার | ঃ | JV of Isolux Ingenieria SA Spain and Samsung C&T Corporation, South Korea |
| চুক্তি মূল্য | ঃ | ইউরো ৭৮.৬৫ মিলিয়ন + ইউএস ডলার ১৯৬.১ মিলিয়ন +টাকা ২৭৯৫ মিলিয়ন সমমূল্য ৩৩৯.১৯ মিলিয়ন ইউএস ডলার |
| চুক্তি কার্যকরের তারিখ | ঃ | ২৭ সেপ্টেম্বর ২০১২ |
| বাণিজ্যিক উৎপাদন (গ্যাস টারবাইন) | ঃ | ৩১ মে ২০১৪ |
| বাণিজ্যিক উৎপাদন (কম্বাইন্ড সাইকেল) | ঃ | ৩১ মার্চ ২০১৫ |
| জমির পরিমাণ | ঃ | ৯.২৪ একর |



*নির্মাণাধীন সিদ্ধিরগঞ্জ ৩৩৫ মেঃওঃ কম্বাইন্ড সাইকেল পাওয়ার প্ল্যান্ট প্রকল্প*

## কোম্পানীর ভবিষ্যৎ পরিকল্পনা

### ৬০০-৮০০ মেঃওঃ কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ

ইজিসিবি লিঃ ৬০০-৮০০ মেঃওঃ কয়লাভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে প্রাথমিকভাবে মুন্সিগঞ্জ জেলার অন্তর্গত চরমশুরা এবং চররমজানবেগ থানায় ৪৫০ একর জমি প্রাথমিকভাবে চিহ্নিত করে যার প্রেক্ষিতে বিদ্যুৎ বিভাগ হতে উক্ত এলাকায় জমি অধিগ্রহণের জন্য প্রশাসনিক অনুমোদন দেয়া হয়।

দেশে ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণের লক্ষ্যে ইজিসিবি লিঃ কর্তৃক মুন্সীগঞ্জ জেলায় কয়লা ভিত্তিক সম্ভাব্য বিদ্যুৎ উৎপাদন প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রাক-সম্ভাব্যতার কাজ হাতে নেয়া হয়েছে। এছাড়া বিদ্যুৎ বিভাগ কর্তৃক প্রণীত Power System Master Plan- 2010 অনুযায়ী ভবিষ্যতে দেশের বিভিন্ন স্থানে কয়লাভিত্তিক পাওয়ার প্ল্যান্ট নির্মাণ প্রকল্পের পরিকল্পনা করা হচ্ছে।

Annex Communications Ltd _08/2013